

স্মরণক নং-সাস্ট/রেজিঃ/পিআর/০৩

তারিখ : ১৬/০১/২০১৯

প্রেস বিবৃতি

মেধাবী ছাত্র মোঃ তাইফুর রহমান প্রতীকের মৃত্যুতে
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের শোক ও সমবেদনা

গত ১৪ জানুয়ারি, ২০১৯ তারিখ সোমবার সিলেট নগরীর বাগবাড়ি এলাকায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের ২০১১-২০১২ শিক্ষাবর্ষের মেধাবী ছাত্র মোঃ তাইফুর রহমান প্রতীককে তার ভাড়াকৃত বাসা থেকে মৃত অবস্থায় পুলিশ উদ্ধার করে। সংবাদ জানার পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থানীয় থানায় এবং প্রতীকের পরিবারের সাথে যোগাযোগ করে তাৎক্ষণিক প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করে এবং পরদিন তার বাবার কাছে প্রতীকের লাশ হস্তান্তর করে।

মেধাবী ছাত্র মোঃ তাইফুর রহমান প্রতীকের অকাল মৃত্যুতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গভীরভাবে মর্মান্বিত। তার এই আকস্মিক মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেন এবং তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

সার্বিক বিষয় খতিয়ে দেখে রিপোর্ট প্রদানের জন্য উচ্চ ক্ষমতা সম্পন্ন একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

রেজিস্ট্রার